



Embassy of
The People's Republic of Bangladesh
Berlin, Germany

জার্মানির ডুসেলডরফে বাংলাদেশ দূতাবাসের কনসুলার সেবা কার্যক্রম

সময়সীমাঃ ২৭, ২৮ ও ২৯ সেপ্টেম্বর ২০২৪

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আগামী ২৭, ২৮, ও ২৯ সেপ্টেম্বর ২০২৪ মেয়াদে বাংলাদেশ দূতাবাস বার্লিন-এর উদ্যোগে সেবাগ্রহীতাদের সুবিধার্থে পাসপোর্ট, ভিসা, সত্যায়নসহ অন্যান্য বিষয়ে কনসুলার সেবা ও পরামর্শ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

সেবা প্রদানের স্থানঃ	Hotel NH Düsseldorf City Kölner Str. 186-188, 40227 Düsseldorf, Deutschland
তারিখ ও সময়ঃ	২৭, ২৮ ও ২৯ সেপ্টেম্বর ২০২৪ সকাল ৯.৩০ হতে বিকাল ৪.৩০

০২। আগ্রহী সেবাগ্রহীতাদের উল্লিখিত সময়ে সেবা অনুযায়ী নিম্নলিখিত ডকুমেন্টস সহ উপস্থিত থাকার জন্য বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছেঃ

সেবা সমূহ	প্রয়োজনীয় ডকুমেন্টসসমূহ	ফি
ইলেকট্রনিক পাসপোর্ট (ই-পিপি) আবেদন ও বায়োমেট্রিক তথ্য (ছবি, স্বাক্ষর, চোখের আইরিশ ও আঙ্গুলের ছাপ ইত্যাদি) প্রদান	১. অনলাইনে পূরণকৃত আবেদন ফরম [এই লিংকের মাধ্যমে অনলাইনে আবেদন সম্পন্ন করুনঃ www.epassport.gov.bd এবং অবশ্যই সঠিক বারকোডসহ প্রিন্ট করে সাথে আনতে হবে] ২. বাচ্চাদের (০৬ বছরের নিচে) ক্ষেত্রে সম্প্রতি তোলা এক কপি 4R সাইজ ছবি ৩. মূল বাংলাদেশি পাসপোর্ট এবং তার ফটোকপি ৪. জাতীয় পরিচয়পত্র (এনআইডি) এর ফটোকপি ৫. ডিজিটাল জন্মনিবন্ধন সনদ (১৭ ডিজিট সম্বলিত) ৬. বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী হলে উক্ত প্রতিষ্ঠানের এনরোলমেন্ট সার্টিফিকেট/আইডি ৭. স্থানীয় রেসিডেন্স কার্ড/ আউসভাইস কপি ৮. অন্যান্য ক্ষেত্রে প্রযোজ্য প্রমাণপত্রের ফটোকপি।	বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীঃ ৫৫ (পঞ্চাশ) ইউরো সাধারণ আবেদনঃ ১২৫ (একশত পঁচিশ) ইউরো

গুরুত্বপূর্ণ নির্দেশনা: ১. সর্বশেষ পাসপোর্টে এনআইডি নম্বর উল্লেখ থাকলে অবশ্যই এনআইডির কপি দিতে হবে- এক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ গ্রহণযোগ্য হবে না।
২. আবেদনে নাম, জন্ম তারিখ, জন্মস্থান, পিতার ও মাতার নাম সর্বশেষ পাসপোর্ট এবং এনআইডি/জন্মনিবন্ধন সনদ অনুযায়ী হতে হবে। আবেদনে এসব তথ্যের পরিবর্তন থাকলে তার স্বপক্ষে প্রমাণক হিসেবে অবশ্যই আবেদনকারীর নিজের এনআইডি (বয়স ১৮ বছরের কম হলে ডিজিটাল জন্মনিবন্ধন সনদ) এবং পিতা-মাতার এনআইডির কপি দিতে হবে। বিস্তারিত জানতে ভিজিট করুনঃ <https://berlin.mofa.gov.bd/>

সনদ ও ডকুমেন্টস সত্যায়ন	১. স্বাক্ষরিত আবেদন পত্র ২. অরিজিনাল পাসপোর্ট এবং এর ফটোকপি ৩. এক কপি ছবি (পাসপোর্ট সাইজ) ৪. পাওয়ার অফ অ্যাটর্নির ক্ষেত্রে প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং যিনি পাওয়ার অফ অ্যাটর্নি প্রদান করবেন তাকে বৈধ বাংলাদেশি পাসপোর্ট সহ উপস্থিত থাকতে হবে।	সত্যায়ন ফিঃ ১০ (দশ) ইউরো পাওয়ার অফ অ্যাটর্নি ফিঃ ৫০ (পঞ্চাশ) ইউরো
নো ভিসা রিকোয়ার্ড (NVR) আবেদন	১. অনলাইনে পূরণকৃত আবেদন ফরম [এই লিংকের মাধ্যমে অনলাইনে আবেদন সম্পন্ন করুনঃ https://www.visa.gov.bd/ এবং বারকোডসহ প্রিন্ট করুন] ২. সম্প্রতি তোলা এক কপি ছবি (পাসপোর্ট সাইজ) ৩. মূল জার্মান/বিদেশী পাসপোর্ট এবং এর ফটোকপি ৪. বাংলাদেশী পাসপোর্ট এর ফটোকপি ৫. ইতোপূর্বে জার্মান/বিদেশী পাসপোর্টে ইস্যুকৃত NVR এর ফটোকপি এবং একই জার্মান/বিদেশী পাসপোর্ট এর কপি (যদি থাকে) ৬. সন্তানের ক্ষেত্রে, বাংলাদেশী পাসপোর্ট না থাকলে পিতা অথবা মাতার বাংলাদেশী পাসপোর্ট এর কপি এবং জন্মসনদ ৭. স্বামী অথবা স্ত্রীর ক্ষেত্রে NVR এর জন্য যেকোনো একজনের বাংলাদেশী পাসপোর্ট এবং বিয়ের সনদ-এর কপি দরকার হবে। ০৮। ৫ ইউরোর অরিজিনাল ডাকটিকেট সহ A5 মাপের ফেরত খাম। ফেরত খামে নাম এবং ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করবেন। ০৯। জার্মানি ব্যতীত অন্য দেশের NVR এর ক্ষেত্রে জার্মানির আনমেন্ডুং এর কপি।	৫০ (পঞ্চাশ) ইউরো
জন্ম নিবন্ধন সনদ প্রদান	বাংলাদেশী নাগরিকদের জন্ম নিবন্ধন সনদ প্রাপ্তির বিস্তারিত তথ্য জানতে ভিজিট করুনঃ https://berlin.mofa.gov.bd/	

০৩। কনসুলার সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

বিঃদ্রঃ কোনো প্রকার নগদ অর্থ গ্রহণযোগ্য নয়। সকল ধরনের ফি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে প্রদান করতে হবে।

দূতাবাসের ব্যাংক একাউন্ট-এর বিবরণঃ

Name of the Account: Embassy of Bangladesh

Bank Name: Deutsche Bank

Account No.: 233 2773

IBAN: DE 80 1007 0000 0233 2773 00

BIC (swift-code): DEUTDE33XXX

